



মেধার বদলে দলীয় নিয়োগ চলছে: হাসনাত আবদুল্লাহ



হাসনাত আবদুল্লাহ। ছবি: সংগৃহীত

বিচার বিভাগকে ধাপে ধাপে দলীয়করণ ও রাজনীতিকরণ করা হচ্ছে বলে অভিযোগ করেছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য ও এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ।

বুধবার (২০ মে) দুপুরে লালমাই উপজেলা এনসিপির পদযাত্রা ও গণসংযোগ কর্মসূচিতে তিনি এ মন্তব্য করেন। অনুষ্ঠানে স্থানীয় ও জেলা পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। তিনি বলেন, বিচার বিভাগের স্বতন্ত্র ক্ষমতা সংকুচিত করে একে কার্যত প্রশাসনিক নিয়ন্ত্রণের অধীনে আনা হয়েছে। তার অভিযোগ, নিয়োগ ব্যবস্থায়ও মেধার বদলে দলীয় বিবেচনাকে প্রাধান্য দেওয়া হচ্ছে।

হাসনাত আবদুল্লাহ আরও বলেন, নতুন বাংলাদেশ গড়তে তরুণ নেতৃত্বের বিকল্প নেই। জনগণের সমর্থন নিয়ে আগামী নির্বাচনে মানুষের প্রত্যাশা পূরণে কাজ করবে এনসিপি বলেও তিনি জানান।

LENS ASIA